“শেখ হাসিনার দর্শন
সব মানুষের উন্নয়ন”

**National Institute of Biotechnology**
Ministry of Science and Technology
Government of the People's Republic of Bangladesh
Ganakbari, Ashulia, Savar, Dhaka-1349.
Phone: +88-02-7789458, Fax: +88-02-7789636

**ন্যাশনাল ইনস্টিটিউট অব বায়োটেকনোলজি**
বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
গণকবাড়ী, আশুলিয়া, সাভার, ঢাকা-১৩৪৯।
ফোন: ৭৭৮৯৪৫৮, ফ্যাক্স: ৭৭৮৯৬৩৬

স্মারক: ৩৯.০৬.২৬৭২.০০১.২২.০০২.২১-১২৭৭

০৬ জৈষ্ঠ ২৮
২০ মে ২০২১

## পুনঃফেলোশিপ বিজ্ঞপ্তি

২০২১-২০২২ অর্থ বছরে “এনআইবি রিসার্চ ফেলোশিপ” এর আওতায় জীবপ্রযুক্তি বিষয়ে উচ্চতর গবেষণার জন্য ৭ (সাত)টি পোস্ট ডক্টরাল এবং ১৪ (চৌদ্দ)টি পোস্ট গ্রাজুয়েট ফেলোশিপ প্রদানের লক্ষ্যে প্রকৃত বাংলাদেশি নাগরিকদের নিকট থেকে নিম্নবর্ণিত শর্ত ও নীতিমালা অনুযায়ী নির্ধারিত ফরমে দরখাস্ত আহবান করা যাচ্ছে।

**পোস্ট ডক্টরাল ফেলোর যোগ্যতা:**

(১) স্বীকৃত বিশ্ববিদ্যালয় থেকে জীবপ্রযুক্তি সংশ্লিষ্ট বিষয়ে পিএইচডি ডিগ্রী। উল্লেখ্য, বায়োইনফরমেটিক্স বিভাগের ক্ষেত্রে কম্পিউটার সায়েন্স, আইসিটি বিষয়ে পিএইচডি ডিগ্রীধারীগণ ও আবেদন করতে পারবেন।

(২) স্বীকৃত বোর্ড বা বিশ্ববিদ্যালয়ের পরীক্ষায় নূন্যতম ৩ (তিন)টি প্রথম বিভাগ/শ্রেণি/সমমান থাকতে হবে এবং কোন পরীক্ষায় তৃতীয় বিভাগ/শ্রেণি গ্রহণযোগ্য নয়।

(৩) প্রার্থীর পিএইচডি পর্যায়ে স্বীকৃত দেশি/ বিদেশি জার্নালে First author হিসেবে কমপক্ষে ১ (এক)টি বৈজ্ঞানিক নিবন্ধ থাকতে হবে।

(৪) নির্বাচিত প্রার্থীকে সাকুল্যে মাসিক ৬০,০০০/- (ষাট হাজার) টাকা ভাতাসহ বাৎসরিক ২ (দুই)টি উৎসব বোনাস বাবদ ১২০,০০০/- (এক লক্ষ বিশ হাজার) টাকা প্রদান করা হবে।

(৫) সরকারি/আধা-সরকারি/স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানে কর্মরত প্রার্থীগণকে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে।

(৬) মনোনীত প্রার্থীদের প্রাথমিকভাবে ১ (এক) বছরের জন্য ফেলোশিপ প্রদান করা হবে। গবেষণার সন্তোষজনক অগ্রগতি সম্পর্কে এনআইবি কর্তৃক গঠিত এতদসংক্রান্ত মূল্যায়ন কমিটির সুপারিশ এবং বোর্ডের অনুমোদন সাপেক্ষে পর্যায়ক্রমে আরো ২ (দুই) বছর বৃদ্ধি করা যেতে পারে।

**পোস্ট গ্রাজুয়েটফেলোর যোগ্যতা:**

(১) স্বীকৃত বিশ্ববিদ্যালয় থেকে জীবপ্রযুক্তি বা সংশ্লিষ্ট বিষয়ে এমএস/এমএসসি ডিগ্রীধারী বা অধ্যয়নরত অথবা এমফিল অধ্যয়নরত হতে হবে। উল্লেখ্য, বায়োইনফরমেটিক্স বিভাগের ক্ষেত্রে কম্পিউটার সায়েন্স, আইসিটি বিষয়ে বিএসসি ইঞ্জিনিয়ারিং ডিগ্রীধারী ও আবেদন করতে পারবে।

(২) এমএস/এমএসসি ডিগ্রীধারী এবং এমফিল স্টুডেন্টদের ক্ষেত্রে স্বীকৃত বোর্ড বা বিশ্ববিদ্যালয়ের পরীক্ষায় নূন্যতম ৩ (তিন) টি প্রথম বিভাগ/শ্রেণি/সমমান থাকতে হবে এবং এমএস/এমএসসি স্টুডেন্টদের ক্ষেত্রে নূন্যতম ২ (দুই)টি প্রথম বিভাগ/শ্রেণি/সমমান থাকতে হবে। কোন পরীক্ষায় তৃতীয় বিভাগ/শ্রেণি গ্রহণযোগ্য নয়।

(৩) নির্বাচিত প্রার্থীকে সাকুল্যে মাসিক ২৫,০০০/- (পঁচিশ হাজার) টাকা ভাতাসহ বাৎসরিক ২ (দুই)টি উৎসব বোনাস বাবদ ৫০০০০/- (পঞ্চাশ হাজার) টাকা প্রদান করা হবে।

(৪) এমএস/এমএসসি অধ্যয়নরত মনোনীত প্রার্থীদের ক্ষেত্রে ৬ (ছয়) মাসের জন্য ফেলোশিপ প্রদান করা হবে। এমএস/এমএসসি ডিগ্রীধারী বা এমফিল অধ্যয়নরত মনোনীত প্রার্থীদের ক্ষেত্রে প্রাথমিকভাবে ১ (এক) বছরের জন্য ফেলোশিপ প্রদান করা হবে। গবেষণার সন্তোষজনক অগ্রগতি সম্পর্কে এনআইবি কর্তৃক গঠিত এতদসংক্রান্ত মূল্যায়ন কমিটির সুপারিশ এবং বোর্ডের অনুমোদন সাপেক্ষে পর্যায়ক্রমে তা আরো ১ (এক) বছর বৃদ্ধি করা যেতে পারে।

(৫) প্রার্থী বিশ্ববিদ্যালয়ে এমএস/এমএসসি/ এমফিল অধ্যয়নরত থাকলে তাকে সংশ্লিষ্ট বিভাগীয় প্রধানের মাধ্যমে আবেদন করতে হবে।

**সাধারণ শর্তাদি:**

(১) পোস্ট ডক্টরাল এর ক্ষেত্রে আবেদন জমাদানের শেষ তারিখে প্রার্থীর বয়স অনুর্দ্ধ ৪০ (চল্লিশ) বছর এবং পোস্ট গ্রাজুয়েট ফেলো এর ক্ষেত্রে প্রার্থীর বয়স অনুর্দ্ধ ৩০ (ত্রিশ) বছর হতে হবে।

(২) এনআইবি'র লক্ষ্য ও উদ্দেশ্য এবং বিভাগসমূহে চলমান গবেষণা কার্যক্রমের সাথে সংগতিপূর্ণ একটি প্রকল্প প্রস্তাব আবেদনপত্রের সাথে নির্ধারিত ফরমে সংযুক্ত করতে হবে। এজন্য সংশ্লিষ্ট বিভাগের সাথে যোগাযোগ করা যেতে পারে।

(৩) বিশেষ ক্ষেত্র ব্যতিত সকল গবেষণা কাজ এনআইবি'র গবেষণাগারে সম্পন্ন করতে হবে।

(৪) আবেদনপত্র ন্যাশনাল ইনস্টিটিউট অব বায়োটেকনোলজি এর ওয়েবসাইট (www.nib.gov.bd) থেকে সংগ্রহ করা যাবে।

(৫) আবেদনপত্রের সহিত শিক্ষাগত যোগ্যতার সনদ, মার্কশীট/গ্রেড পয়েন্ট এর সত্যায়িত কপি, সম্প্রতি তোলা ৩ (তিন) কপি পাসপোর্ট সাইজের ছবি ও মহাপরিচালক, ন্যাশনাল ইনস্টিটিউট অব বায়োটেকনোলজি এর অনুকূলে উত্তরা ব্যাংক এইআরই-ইপিজেড শাখা, গণকবাড়ী, সাভার, ঢাকা-১৩৪৯ বরাবর উত্তরা ব্যাংকের যে কোন শাখা হতে পোস্ট ডক্টরাল ফেলোশিপ এর জন্য ১০০০ (এক হাজার) এবং পোস্ট গ্রাজুয়েট ফেলোশিপ এর জন্য ৫০০ (পাঁচশত) টাকার ব্যাংক ড্রাফ্‌ট বা পে-অর্ডারসহ আগামী ০৯/০৬/২০২১ তারিখের মধ্যে নিম্নস্বাক্ষরকারীর নিকট রেজিস্টার্ড ডাকযোগে বা সরাসরি পৌঁছাতে হবে। আবেদনপত্রের সাথে সনদ বা প্রমানপত্রের অনুলিপি সংযুক্ত করার প্রয়োজন নাই।

(৬) সাক্ষাৎকারের জন্য প্রাথমিকভাবে মনোনীত এবং চুড়ান্তভাবে নির্বাচিত প্রার্থিদের তালিকা ন্যাশনাল ইনস্টিটিউট অব বায়োটেকনোলজি এর ওয়েবসাইট (www.nib.gov.bd) এ প্রকাশ করা হবে। মৌখিক পরীক্ষার সময় আবেদনে উল্লেখিত সকল তথ্য প্রমানের জন্য সনদ বা প্রমানপত্রের মূলকপি ও একসেট সত্যায়িত অনুলিপি সাথে আনতে হবে।

(৭) নির্ধারিত সময়ের পর প্রাপ্ত কোন আবেদনপত্র বিবেচনা করা হবে না। কর্তৃপক্ষ যেকোন সময় এ বিজ্ঞপ্তি বাতিল/পরিবর্তন/পরিবর্ধনের ক্ষমতা সংরক্ষণ করেন।

(৮) বিগত ২০ এপ্রিল ২০২১ এর বিজ্ঞপ্তি (স্মারক:৩৯.০৬.২৬৭২.০০১.২২.০০২.২১-১২১০) মোতাবেক যারা ইতোমধ্যে আবেদন করেছেন তাদের পুনরায় আবেদন করার প্রয়োজন নাই।

২০/০৫/২০২১

মহাপরিচালক (অতিরিক্ত দায়িত্ব)

E-mail: dgnibbd@gmail.com